দৈনিক সংবাদ

তারিখ ... 09 AUG 1995 ...
পৃষ্ঠা ৫ কলাম ৩

13

কৃষি বিশ্ববিদ্যালয়

## বাংলাদেশ গ্রন্থাগার সমিতির জাতীয় সেমিনার অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ৮ই আগস্ট (নিজস্ব সংবাদদাতা)।– বাংলাদেশ গ্রন্থাগার সমিতি ও গ্রন্থাগার সমিতি, ময়মনসিংহ জেলা সংসদের যৌথ উদ্যোগে 'উচ্চ শিক্ষা ও গবেষণা সফলতায় গ্রন্থাগারের ভূমিকা' শীর্ষক জাতীয় সেমিনার গত ৩রা আগস্ট বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদীন মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য ডঃ মোঃ ইদ্রিস। বিশেষ অতিথি ছিলেন সার্ক কৃষি তথ্য কেন্দ্রের সাবেক পরিচালক এ, কে, এম আব্দুন নূর এবং বাংলাদেশ গ্রন্থাগার সমিতির সভাপতি এম শামসুল ইসলাম খান। বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক আবদুল গফুর দেওয়ানের সভাপতিত্বে উদ্বোধনী অধিবেশনে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সেমিনার কমিটির আহ্বায়ক রিয়াজুল হান্নান মোঃ ইউসুফ, বাংলাদেশ গ্রন্থাগার সমিতির সাধারণ সম্পাদক খন্দকার ফজলুর রহমান প্রমুখ।

কারিগরি অধিবেশনে মূল প্রবন্ধ উপস্থাপন করা হয় এবং আলোচকবৃন্দের আলোচনার ভিত্তিতে সুপারিশমালা গৃহীত হয়।